## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/১৫৭/ইংলিশ/৫৮৬ তারিখ: ২৬/০৭/২০২৬ খ্রি.

**বিষয়: বিদেশি কারিকুলাম-এ পরিচালিত The Radius International School- এর নিবন্ধন নবায়ন প্রসঙ্গে।**

সূত্র: পরিদর্শন কর্মকর্তার ১৫/০৫/২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, দি রেডিয়াস ইন্টারন্যাশনাল স্কুল, বাড়ি নং- ১২, সড়ক নং- ১৯, সেক্টর- ১৩, উত্তরা, ঢাকা-কে "রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. XX of 1962)" এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত "বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস.আর.ও নং- ১৭৩-আইন/২০১৭)" এর ধারা ৪ উপ-ধারা ২ এর বিধান মোতাবেক ০১-০১-২০২৪ তারিখ হতে আগামী ০৩ (তিন) বছরের জন্য O- Level এবং A-Level পর্যায়ে নিবন্ধন নবায়নের অনুমতি প্রদান করা হলো।

**বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে:**

১। শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;

২। বিধিমালার ৬(৪) ধারা মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে;

৩। **প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ বিধিমালার ১২ ধারা যথাযথ অনুসরণ করতে হবে।**

৪। উক্ত বিধিমালার ১৪ ধারা মোতাবেক প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উপ-ধারা ৪ মোতাবেক ৫ (পাঁচ) বছরের মধ্যে প্রতিষ্ঠানের নামে নিজস্ব মালিকানাধীন ভূমি ও ভবনে প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে;

৫। উক্ত বিধিমালার ১৫ ধারা যথাযথভাবে অনুসরণ পূর্বক শ্রেণিভিত্তিক পাঠদান করতে হবে। পাঠদানের জন্য বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা-সার্বভৌমত্বের বিরোধী পাঠ্যপুস্তক নির্ধারণ করা যাবে না;

৬। বিধিমালার ১৯ ধারা অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;

৭। বিধিমালার ২০(৩) ধারা অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে;

৮। বিদ্যালয়ের নামে সংরক্ষিত তহবিলে নূন্যতম ৫,০০,০০০/- এবং সাধারণ তহবিলে নূন্যতম ২,০০,০০০/- রাখতে হবে। যা কোনো অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না;

৯। সন্তোষজনক ফলাফল অর্জন করতে হবে এবং O-Level, A-Level স্তরের চূড়ান্ত ফলাফলের অনুলিপি জমা দিতে হবে;

১০। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করাসহ জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১১। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলণ ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে;

১২। যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ পালন করতে হবে;

১৩। স্বতন্ত্র লাইব্রেরিতে ন্যূনতম ৪০০০টি বই এবং বিজ্ঞানাগারে পর্যাপ্ত সরঞ্জামাদি সংরক্ষণ করতে হবে;

১৪। শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার জন্য জেলা প্রশাসক এর অনাপত্তিপত্র জমা দিতে হবে;

১৫। **প্রতিষ্ঠানের জন্য ভাড়াকৃত ভবনে এ প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন কার্যক্রম বা অন্য কোন প্রতিষ্ঠান পরিচালনা করা যাবে না;**

১৬। নিবন্ধন নবায়নের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্যূন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা পূর্বক নিবন্ধনের আবেদন করতে হবে;

১৭। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ০৫-০৬-২০১৭ তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপ-বিধির অধীন রেজিস্ট্রেশন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা/-

**প্রফেসর ড. মোঃ মাসুদ রানা খান**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
☎ ০২-৫৮৬১০০৬৯
ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক:
অধ্যক্ষ
দি রেডিয়াস ইন্টারনাশনাল স্কুল
বাড়ি নং- ১২, সড়ক নং- ১৯, সেক্টর- ১৩, উত্তরা, ঢাকা- ১২০৩

মেমো নং- ৫৮৬(৭) তারিখ: ২৬/০৭/২০২৬ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;

৩। জেলা প্রশাসক, ঢাকা;

৪। কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি-৩১, রোড-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩;

৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার,
পিয়ারসন এডেক্সেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, স্যুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পান্থপথ, ঢাকা;

৬। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;

৭। পরিচালক/প্রতিষ্ঠাতা, দি রেডিয়াস ইন্টারন্যাশনাল স্কুল, বাড়ি নং- ১২, সড়ক নং- ১৯, সেক্টর নং- ১৩, উত্তরা, ঢাকা- ১২০৩;

৮। অফিস কপি।

26.7.26
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা